



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd



স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.১০.০১৯.২২-২৬


তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ০২ এপ্রিল ২০২৪ তারিখ ১৭তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে নীল বাতি প্রজ্জ্বলন প্রসঙ্গে

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়, (এনডিডি ও অটিজম শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২০ মার্চ ২০২৪ খ্রি. তারিখের
৪১.০০.০০০০.০৩৪.২৩.০০১.২৪.৪৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর বাংলাদেশসহ সারাবিশ্বে ০২ এপ্রিল বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন করা হয়ে থাকে। এ দিবসের মূল উদ্দেশ্য হলো অটিজম বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা এবং অটিজম সম্পন্ন ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা। এ জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ১৭তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আগামী ০১ ও ০২ এপ্রিল ২০২৪ তারিখ রাতে অর্থাৎ ০২ (দুই) রাত্রি জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনায় ০২ দিন ব্যাপী নীল বাতি প্রজ্জ্বলনের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


৩১/০৬/২৪
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রাজশাহী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী

ইমেইল: deorajshahi@yahoo.com, ওয়েব সাইট: www.deo.rajshahi.gov.bd



স্মারক নং: জেশিঅ/রাজ/২০৬ (২১)

তারিখ: ০১.০৪.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:


১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী

সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ০২ এপ্রিল বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালনের নিমিত্তে ০১ ও ০২ এপ্রিল ২০২৪ তারিখ রাতে আপনার দপ্তর/অফিস ভবনে নীল বাতি প্রজ্জ্বলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। অফিস নথি।


(মোহা: নাসির উদ্দীন)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
টেলিফোন: ০৭২১-৭৭৬২৫৩